

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

নং- ৩৭.০০.০০০০.০৭৪.০২৭.০০৪.২০১০.৩৩২


তারিখ : ১২.১২.২০১৯ খ্রি:

বিষয়: মহামান্য হাইকোর্ট বিভাগে চলমান -৯৮৪১/২০১৯ নং রিট পিটিশন মামলায় সরকার পক্ষ হতে প্রতিদ্বন্দ্বিতা করণ।

সূত্র: জনাব মো: আবুল কাশেম, প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত) কল্যান কলস বেগম রোকেয়া বালিকা মা: বি:, গলাচিপা, পটুয়াখালী এর আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মো: আবুল কাশেম, প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত) কল্যান কলস বেগম রোকেয়া বালিকা মাধ্যমিক বিদ্যালয়, গলাচিপা, পটুয়াখালী এর আবেদন এবং তার কর্তৃক দাখিলীয় মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-৯৮৪১/২০১৯ এর আদেশের কপি এতদসঙ্গে প্রেরণ করা হলো। জনাব আবুল কাশেম এর বিরুদ্ধে ভূয়া বিএড ডিগ্রী সনদ দাখিলের মাধ্যমে নিয়োগসহ এম.পি.ও ভুক্ত হওয়ার অভিযোগ প্রমাণিত হওয়ায় অত্র বিভাগের ০৫.০৮.২০১৯ তারিখের ৩৭.০০.০০০০.০৭৪.০২৭.০০৪.২০১০.২০৪ নং স্মারকে তার বেতনভাতা সাময়িকভাবে স্থগিত করা হয়। তিনি উক্ত আদেশের বিরুদ্ধে মহামান্য হাইকোর্ট বিভাগে -৯৮৪১/২০১৯ নং রিট পিটিশন মামলা দায়ের করেন এবং উক্ত মামলার আদেশের প্রেক্ষিতে তার বেতন ভাতা ছাড় করার জন্য অনুরোধ করেছেন।

২.০ এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ৯৮৪১/২০১৯ এর আদেশের প্রেক্ষিতে সরকার পক্ষ হতে বিজ্ঞ আদালতে আইনগত জবাব দাখিলসহ মামলায় যথাযথভাবে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মো: কামরুল হাসান)
উপসচিব

ফোন : ৯৫৪০৫১৭

ই-মেইল ds.mpo@moedu.gov.bd

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা।

সদয় অবগতি/ কার্যার্থে :

০১. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৩. জনাব মো: আবুল কাশেম, প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত) কল্যান কলস বেগম রোকেয়া বালিকা মাধ্যমিক বিদ্যালয়, গলাচিপা, পটুয়াখালী।
০৪. অফিস কপি।